সংবাদ

000 020

তারিখ ... 25/11/83 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারী মাধ্যমিক শিক্ষকরা দাবী দিবস পালন করেছেন

বাংলাদেশ শিক্ষক সমিতির আহ্বানে গত বুধবার সারাদেশে সভা, সমাবেশ, গণডেপুটেশন প্রভৃতির মাধ্যমে বেসরকারী মাধ্যমিক শিক্ষক ও কর্মচারীরা 'দাবী দিবস' পালন করেছেন।

এ উপলক্ষে ঢাকার কে এল জুবিলী স্কুলে জনাব কামরুজ্জামানের সভাপতিত্বে শিক্ষক, শিক্ষিকা ও কর্মচারীদের এক সভা অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন সমিতির সাধারণ সম্পাদিকা মিসেস হেনা দাস, সাংগঠনিক সম্পাদক আবু হামেদ শাহাবুদ্দিন, ফিরোজ মিয়া, জয়নাল আবেদীন, আবদুল হাই, গাজী আবদুল কাদের ও আবদুস সালাম। বক্তারা প্রস্তাবিত শিক্ষানীতি বাতিলের দাবীসহ ১৭ দফা জরুরী দাবী পূরণের আহ্বান জানিয়ে ঘোষণা করেন যে, যদি সরকার আলাপ-আলোচনার মাধ্যমে দাবী পূরণের পদক্ষেপ অবিলম্বে গ্রহণ না করে, তাহলে শিক্ষক সমাজ বৃহত্তর আন্দোলনের পথে এগিয়ে যেতে বাধ্য হবে।

বক্তারা তাদের বক্তব্যে শিক্ষাক্ষেত্রের নৈরাজ্য ও অস্থিরতা সৃষ্টির জন্যে সরকারকে দায়ী করেন।

সভায় শিক্ষামন্ত্রীর কাছে পেশ করার জন্যে প্রস্তুত স্মারকলিপি পড়ে শোনানো হয়। শিক্ষকদের দাবীর মধ্যে রয়েছে, প্রস্তাবিত শিক্ষানীতি বাতিল করে ডঃ কুদা কমিশনের সুপারিশের আলোকে নতুন শিক্ষানীতি প্রণয়ন, দ্রব্যমূল্যের সাথে সংগতি রেখে সকল শিক্ষক-কর্মচারীর বেতন পুনঃনির্ধারণ, তাদের বেতন ও ভাতা পরিশোধের দায়িত্ব সরকার কর্তৃক গ্রহণ করা, সরকারী শিক্ষক-কর্মচারীদের অনুরূপ বাড়ীভাড়া ও চিকিৎসাভাতা প্রদান, প্রভিডেণ্ট ফাণ্ড মঞ্জুরি পুনঃচালু, অবিলম্বে পূর্ণ গণতান্ত্রিক অধিকার সুনিশ্চিত করা ইত্যাদি।

সভায় গৃহীত অন্য এক প্রস্তাবে দেশের বিভিন্ন স্থানে অনুরূপা ভৌমিকসহ বিভিন্ন শিক্ষকের ওপর দুষ্কৃতকারীদের হামলার তীব্র নিন্দা এবং অবিলম্বে অপরাধীদের কঠোর শাস্তি দাবী করা হয়। খবর প্রেস বিজ্ঞপ্তির।